DEC. 05 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ........
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৮ ......

# গাজীপুরের সব স্কুলে ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তির জন্য পরীক্ষা দিতে হবে

কালিয়াকৈর সংবাদদাতা ॥ গাজীপুর জেলার সব মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তির জন্য এবার ছাত্রছাত্রীদের ভর্তি পরীক্ষার সম্মুখীন হতে হবে। গত রোববার কালিয়াকৈরে প্রধান শিক্ষকদের এক কর্মশালায় জেলা শিক্ষা অফিসার (গাজীপুর) মোঃ শামসুল ইসলাম খান এই আদেশ দিয়েছেন। গাজীপুর জেলার সকল হাইস্কুল ও মাদ্রাসায় শহরাঞ্চলের মত ভর্তি পরীক্ষার কথা শুনে অভিভাবকরা উদ্বিগ্ন হয়ে পড়েছেন। আগামী ১৫ই ও ২৫শে জানুয়ারী এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।